গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
পার্বতীপুর, দিনাজপুর।
dss.parbatipur.dinajpur.gov.bd

স্মারক নং: ৪১.০১.২৭৭৭.০০০.০৮.০০১.২৬.২৬০

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬খ্রি.

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারি কালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিত করণ সংক্রান্ত পুনঃবিজ্ঞপ্তি**

সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা অধিশাখার স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০৮.১৮.০১৯.২৬.৬৪৫; তারিখ: ২৫ জুলাই, ২০২৬ অনুযায়ী সর্বশেষ সরকারি নির্দেশনা মোতাবেক ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ এর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদের আবেদনের সময়সীমা ২৮ জুলাই ২০২৬ দুপুর ১২:০০ পর্যন্ত আবেদন জমাদানের সময় বৃদ্ধি করা হয়েছে। সেই সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুরে স্মারক নম্বর: ০৫.৫৫.২৭৭৭.০১১.০০৫.০২০.২৬.৭৭২ তারিখ: ২১ জুলাই ২০২৬ খ্রি. মোতাবেক প্রচারিত বিজ্ঞপ্তির অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

** বিশেষ ভাবে উল্লেখ্যযে: পূর্বে যারা আবেদন করেছেন এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

| ক্রম | পদের নাম | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকার যোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ১. | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচ এস সি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীল ভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীক ভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রি ধারী<br>গ) পূর্বে বিবি এস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ক্রম | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব: | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
| ২ | সুপারভাইজার (প্রতি ৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ১ জন) | ক) নূন্যতম ব্যাচেলর ডিগ্রি বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্যসংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবংওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শরীরিক ভাবে পরিদর্শন<br>খ)প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

আবেদন ফরম প্রাপ্তির স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর ও উপজেলা সমাজসেবা কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর।
আবেদন ফরম দাখিলের স্থান: ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর।

আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:

| ক্রম | আবেদন ফরম বিতরন তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ১ | ২৬/০৭/২০২৬খ্রি: হতে ২৮/০৭/২০২৬খ্রি: সকাল ৯.০০ টা থেকে বেলা ১২.০০ টা পর্যন্ত | ২৬/০৭/২০২৬খ্রি: হতে ২৮/০৭/২০২৬খ্রি: সকাল ৯.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত | ২৯/০৭/২০২৬খ্রি: সকাল ১০.০০ ঘটিকা |